

ASHA-কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তরের স্মারক সংখ্যা HFW/NRHM-20/2006/Part-II/1631 dated 27/06/2012 এবং খড়গপুর মহকুমা ASHA নির্বাচন কমিটির ২৮/০২/২০২৩ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী সমস্ত জনসাধারণকে জানানো যাচ্ছে যে খড়গপুর মহকুমার ১০টি ব্লকে প্রতিটি ব্লকে শূন্যপদে 'ASHA-কর্মী' নিয়োগ করা হইবে।

আবেদনপত্র জমা দেওয়ার তারিখ :

আবেদনপত্র সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিকের নিকট জমা দিতে হবে, জমা দেওয়ার তারিখ: ১০/০৩/২০২৩ হতে ২৫/০৩/২০২৩ তারিখ ছুটির দিন বাদে বেলা ১১ টা থেকে ৫ টার মধ্যে সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন অফিসে হাতে হাতে জমা করতে হবে।

আবশ্যিক যোগ্যতা :-

- ১) কেবলমাত্র বিবাহিতা / বিধবা / আইনগত ভাবে বিবাহ বিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারবেন।
- ২) বয়সসীমা : ৩০ বৎসর থেকে ৪০ বৎসর সাধারণ প্রার্থীদের জন্য। তপ:জাতি / তপ:উপজাতিভুক্ত মহিলাদের ক্ষেত্রে ২২ বৎসর থেকে ৪০ বৎসর। (০১/০১/২০২৩ তারিখ অনুযায়ী বয়স)।
- ৩) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণা / অনুত্তীর্ণা।
- ৪) যে গ্রামের / এলাকার জন্য আবেদন করবেন সেই এলাকার (সার্ভিস ভিলেজ / সার্ভিস এরিয়া)-স্থায়ী বাসিন্দা হতে হবে। (সংযোজনী-১ অনুসরণ করুন)
- ৫) তপ:জাতি / তপ:উপজাতি (বয়সের ছাড় পেতে হলে অথবা তপ:জাতি / তপ:উপজাতি দের অগ্রাধিকার যুক্ত পদে আবেদন এর ক্ষেত্রে)।
- ৬) গ্রেড-I এবং গ্রেড-II এস.এইচ.জি মেম্বার / ট্রেনিং প্রাপ্ত থাই / লিঙ্ক ওয়ার্কার-রা বাড়তি সুবিধা পেতে পারেন।

আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত নথি অবশ্যই জমা দিতে হবে :

- ১) বিবাহ এবং আইনগত বিবাহ বিচ্ছিন্নার প্রমাণ স্বরূপ যথাক্রমে প্রথম ক্ষেত্রে বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র / স্বামীর নাম বহনকারী নিজস্ব কোনো সরকারী দস্তাবেজ (উদাহরণ : ভোটার সচিব পরিচয়পত্র, রেশন কার্ড, আধার কার্ড ইত্যাদি) এবং দ্বিতীয় ক্ষেত্রে আইনী প্রমাণপত্র।
- ২) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ পত্র (মাধ্যমিক / সমতুল পরীক্ষার মার্কশীটের স্বপ্রত্যয়িত জেরক্স)।
- ৩) বয়সের প্রমাণ পত্র : মাধ্যমিক / সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত জেরক্স।
- ৪) স্থায়ী বাসস্থানের ঠিকানার প্রমাণ পত্র (এপিক কার্ড / রেশন কার্ড) উভয় দিকের স্বপ্রত্যয়িত জেরক্স।
- ৫) উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা জরীকৃত তপশিলী জাতি / তপশিলী উপজাতি শংসাপত্র স্বপ্রত্যয়িত জেরক্স - কেবল তপশিলী জাতি / তপশিলী উপজাতি শ্রেণীর প্রার্থীদের জন্য।
- ৬) এস.এইচ.জি মেম্বার/ট্রেনিংপ্রাপ্ত থাই/ লিঙ্ক ওয়ার্কার হলে তার শংসাপত্রের স্বপ্রত্যয়িত জেরক্স।
- ৭) ৫ টাকার ডাকটিকিট লাগানো নিজ ঠিকানা লেখা একটি বড় অফিস খাম
উপরোক্ত তথ্যাদি সহ দরখাস্ত সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন অফিসে হাতে হাতে জমা করতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ২৫/০৩/২০২৩ বিকাল ৫-টার মধ্যে।

স্মারক সংখ্যা HFW-27011/375/2018-NHM SEC-Dept. of H&FW-Part(2)/3692 dated 03/12/2021 অনুযায়ী SC / ST প্রার্থীরা শুধুমাত্র অগ্রাধিকার পাবেন। অগ্রাধিকার বলতে, যদি SC / ST পদগুলির জন্য যোগ্য প্রার্থী পাওয়া যায়, তাহলে তাদের থেকেই ASHA নিয়োগ করা হবে এবং সেক্ষেত্রে সাধারণ প্রার্থীদের আবেদন পত্রগুলি বাতিল বলে গণ্য করা হবে। আর যদি SC / ST পদগুলির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না যায়, তাহলে SC / ST অগ্রাধিকার পদগুলির জন্য সাধারণ প্রার্থীরা ASHA নিয়োগের আবশ্যিক শর্তাবলী পূরণ করলে তাদের থেকেই ASHA নিয়োগ করা হবে।

* অসম্পূর্ণ এবং উপযুক্ত নথি ছাড়া আবেদনপত্র বাতিল হবে।

** (বিশদে জানতে সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিক / ব্লক স্বাস্থ্য আধিকারিক অফিসে যোগাযোগ করুন।)

শূন্যপদের সংখ্যা : (অগ্রাধিকার অনুযায়ী ক্যাটগরী বিভাজনসহ) সংযোজনী-১ এবং আবেদন পত্রেরনমুনা সংযুক্ত করা হল।

সদস্য সচিব

খড়গপুর মহকুমা

আশা নির্বাচন কমিটি

এবং

মহকুমা শাসক, খড়গপুর মহকুমা

স্মারক সংখ্যা- 621/1(7)/KGP

প্রয়োজনীয় অবগতির জন্য প্রেরিত হল:

- ১) জেলা শাসক ও চেয়ারপার্সন, পশ্চিম মেদিনীপুর ASHA-নির্বাচন কমিটি।
- ২-৭)..... সদস্য, খড়গপুর মহকুমা ASHA-নির্বাচন কমিটি।

তারিখ : 10/03/2023

*Dileep
Mishra*

সদস্য সচিব

খড়গপুর মহকুমা
আশা নির্বাচন কমিটি
এবং

মহকুমা শাসক, খড়গপুর মহকুমা

স্মারক সংখ্যা- 621/1(24)/KGP

প্রয়োজনীয় অবগতি এবং যথাযথ প্রচারের জন্য প্রেরিত হল :-

- ১) জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর।
- ২) অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), পশ্চিম মেদিনীপুর।
- ৩) মুখ্য স্বাস্থ্য আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
- ৪) ডিস্ট্রিক্ট ইনফরমেন্টিকস অফিসার, পশ্চিম মেদিনীপুর। জেলা ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ৫-১০) ব্লক উন্নয়ন আধিকারিক - দাঁতন-১, দাঁতন-২, ডেবরা, কেশিয়াড়ী, খড়গপুর-১, খড়গপুর-২, মোহনপুর, নারায়ণগড়, পিংলা ও সবং ব্লক। সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিককে নিজ দপ্তরে এই বিজ্ঞপ্তি টাঙ্গানোর জন্য এবং প্রধান মহাশয়দের নিকট এই বিজ্ঞপ্তির পাঠানোর (প্রাপ্তি স্বীকারসহ) অনুরোধ করা হল।
- ১১) সহ-মুখ্য স্বাস্থ্য আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
- ১২-১৭) ব্লক স্বাস্থ্য আধিকারিক - দাঁতন-১, দাঁতন-২, ডেবরা, কেশিয়াড়ী, খড়গপুর-১, খড়গপুর-২, মোহনপুর, নারায়ণগড়, পিংলা ও সবং ব্লক। সংশ্লিষ্ট ব্লক স্বাস্থ্য আধিকারিককে নিজ দপ্তরে এই বিজ্ঞপ্তি টাঙ্গানোর জন্য অনুরোধ করা হল।
- ১৮-২৩) শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক,ব্লক।
- ২৪) মহকুমা শাসক, খড়গপুর মহাশয়ের সংশ্লিষ্ট সহায়ক।

*Dileep
Mishra*

সদস্য সচিব

খড়গপুর মহকুমা
আশা নির্বাচন কমিটি
এবং

মহকুমা শাসক, খড়গপুর মহকুমা